দৈনিক ইনকিলাব 24

তারিখ ...1-1 FEB 1993
পৃষ্ঠা... ৫ ...কলাম ৩ ...

## চিঠিপত্র

**প্রসঙ্গঃ কৃষি বিশ্ববিদ্যালয়**

ঢাকা থেকে ১২০ কিঃ মিঃ উত্তরে এবং ময়মনসিংহ শহর থেকে ৫ কিঃ মিঃ দক্ষিণে ব্রহ্মপুত্র নদীর পশ্চিম তীর ঘেঁষে এক নয়নাভিরাম সুবজ চত্বরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অবস্থিত। কৃষি এবং কৃষির সাথে জড়িত মৎস্য, পশুপালন, পশু চিকিৎসা, কৃষি ইঞ্জিনিয়ার প্রভৃতি বিষয়ে উচ্চতর ডিগ্রী লাভের জন্য এটি বাংলাদেশের একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান। ৮০% কৃষিনির্ভর এই দেশে এখান থেকে ডিগ্রীপ্রাপ্ত ছাত্ররা কৃষি এবং কৃষির সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয়ে গবেষণার মাধ্যমে উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। বলার অপেক্ষা রাখে না, কৃষি উন্নয়নের সাথে এই বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক নিবিড়ভাবে জড়িত। দুঃখজনক হলেও সত্যি, বিভিন্ন পত্র-পত্রিকা, রাজনৈতিক নেতৃবৃন্দ, এমনকি বিটিভি'র মত জাতীয় প্রচার মাধ্যমে, এই বিশ্ববিদ্যালয়ের নাম ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় বলা হয়। বাংলাদেশের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয়ের নামও তারা সঠিকভাবে জানেন না? বড় বিচিত্র এই প্রচার মাধ্যমগুলো। আশা করি পরবর্তীতে এই বিচিত্রতার অবসান হবে।

—এস এম আবদুল হামিদ